

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং- এসি/এ-৩/রে-১০১ (১০০)

তারিখ : ১৫ জুলাই ২০২১

## এপ্রিল ২০২১ সেমেস্টারে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের জ্ঞাতার্থে জরুরী বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর পর্যায়ে এপ্রিল ২০২১ সেমেস্টারে ভর্তির জন্য বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউট কর্তৃক নির্বাচিত সকল শিক্ষার্থীদেরকে অবহিত করা যাচ্ছে যে, করোনা ভাইরাস (COVID-19) এর কারণে উদ্ভূত পরিস্থিতি ও করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমণ প্রতিরোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বর্তমান বিধি-নিষেধের কারণে মূল কাগজপত্র যাচাই বাছাই ছাড়াই বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউট কর্তৃক নির্বাচিত শিক্ষার্থীদের প্রেরিত তালিকা মোতাবেক তাদেরকে এই বিশ্ববিদ্যালয়ে অস্থায়ীভাবে ভর্তির সুযোগ দেয়া হবে। পরবর্তীতে করোনা ভাইরাস (COVID-19) এর পরিস্থিতি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বর্তমান বিধি-নিষেধ শিথিল করা হলে বিভাগ ও ইনস্টিটিউটসমূহ তাদের নির্বাচিত সকল শিক্ষার্থীদের মূল কাগজপত্র যাচাই বাছাই করবে। নির্বাচিত/ভর্তিকৃত শিক্ষার্থীদের কেউ বিভাগ/ইনস্টিটিউট কর্তৃক মূল কাগজপত্র যাচাই বাছাইকালে বিভাগ/ইনস্টিটিউট প্রধান/পরিচালকের পূর্বানুমতি ব্যতিরেকে অনুপস্থিত থাকলে অথবা কারো দাখিলকৃত কাগজপত্রের সাথে মূল কাগজপত্রের কোন রকম অসংগতি পাওয়া গেলে অথবা কারো মূল কাগজপত্র ভর্তির যোগ্যতা পূরণ না করলে তার নির্বাচন/ভর্তি বাতিল করা হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে,

*Juddin*

(অধ্যাপক ডঃ মোঃ ফোরকান উদ্দিন)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

### বিতরণঃ

- ১। চেয়ারম্যান, কেন্দ্রীয় মনিটরিং কমিটি ও ডীন, পুরকৌশল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল অনুষদের ডীন, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। সকল বিভাগীয় প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৪। পরিচালক (IICT/IWFM/IAT/INPE), বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৫। সকল পরিচালক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৬। সকল হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৭। পরীক্ষা নিয়ন্ত্রক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৮। কম্পিউটার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৯। লাইব্রেরিয়ান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ১০। কম্পিউটার প্রোগ্রামার, আই.সি.টি সেল, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (Website- এ প্রচারের অনুরোধসহ)।
- ১১। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। সকল নোটিশ বোর্ড, হল/অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।